

# নেইল আর্ট

**নাহিন আশরাফ**

*নারীরা এখন নখেরও রূপচর্চা করে থাকে। একটা সময় নখের রূপচর্চা মানেই ছিল নখ একটু বড় রেখে নেলপলিশ দেওয়া। কিন্তু এখন শুধু নেলপলিশ নয়, নখকে সাজিয়ে তুলতে এসেছে নানা রকম ট্রেন্ড। নখ সাজিয়ে স্টাইলিশ করার জন্য ফ্যাশনপ্রেমী নারীরা বেছে নিচ্ছেন নেইল এক্সটেনশন। বেশ কয়েক বছর ধরে ট্রেন্ডে দেখা যায় নেইল এক্সটেনশন। নেইল এক্সটেনশনের ট্রেন্ড বাংলাদেশে প্রথম শুরু হওয়ার পর বেশ ব্যয়বহুল ছিল। তাই সবাই হয়তো এটি করার কথা চিন্তা করত না। জনপ্রিয়তা দেখে এখন অনেক জায়গায় সাশ্রয়ী দামের ভালো মানে নেইল এক্সটেনশন করা হয়। জেনে নেওয়া যাক নেইল এক্সটেনশন আসলে কি।*

### নেইল এক্সটেনশন কি?

নেইলে এক্সটেনশন হলো প্রাকৃতিক নখের উপরে কৃত্রিম নখের আরেকটি আবরণ। প্রাকৃতিক নখ থেকে তুলনামূলক সাইজে বড় একটি আবরণ দিয়ে প্রাকৃতিক নক ঢেকে দেওয়াকে নেল এক্সটেনশন বলা হয়। যা এখন অনেক জনপ্রিয়। বাজারে বিভিন্ন নকশার ফেক নেল পাওয়া যায়। যা কিনে মানুষ ঘরে বসেই আঠা দিয়ে নিজের কৃত্রিম নখ তৈরি করে নিতো। বিশেষ করে বিয়ে কিংবা কোনো বিশেষ অনুষ্ঠানের আগে মানুষের ফেক নখ ব্যবহার করার প্রচলন ছিল। বাজারে পাওয়া এসব ফেক নখ বেশি সময় দীর্ঘস্থায়ী হতো না এবং দেখা যেত দিনের অর্ধেক সময় পর এটি খুলে পড়ে যেত এবং নখের সৌন্দর্য নষ্ট হতো। বাজারে প্রচলিত ফেক নখ থেকে মানুষ এখন নেইল এক্সটেনশনের দিকে ঝুঁকছে। এটি যখন তখন যেখানে সেখানে খুলে পড়ে যাওয়ার ভয় নেই। একবার নেইল এক্সটেনশন করিয়ে নিলে দুই সপ্তাহ থেকে তিন সপ্তাহ অবধি স্থায়ী হয়। আবার সঠিক উপায়ে যত্ন নিলে কিংবা মেইনটেইন করলে এক থেকে দেড় মাসও টিকে যায়। আবার অনেকের বিভিন্ন রোগের কারণে নখের উপর দাগ থাকে, কিংবা নখের গড়ন অনেক বেশি পাতলা ও ভঙ্গুর হয় যা তারা সহজে মেইনটেইন করতে পারে না। বিভিন্ন ইনফেকশনে হওয়ায় নখের উপর দাগ সৌন্দর্য কমিয়ে দেয়। নখের দাগ লুকানোর জন্য অনেকে নেইল এক্সটেনশন বেছে নেয়। আবার অনেকে শুধুমাত্র ফ্যাশনের জন্যেই নেইল এক্সটেনশন করে। আমাদের দেশে নেইল এক্সটেনশন একটু ধীরে জনপ্রিয় হলেও এখন এটি বেশ তুঙ্গে। প্রথমদিকে শুধুমাত্র ব্রাইডাল লুকের সঙ্গে নেইল এক্সটেনশন করতে দেখা যেত। কারণ তখন শুধুমাত্র গর্জিয়াস নকশার প্রচলন ছিল। কিন্তু এখন এমন ধরনের নেইল এক্সটেনশনের নকশা করা হয় যা প্রতিদিনই মানানসই। তাই ফ্যাশন সচেতন স্টুডেন্ট, অফিস কর্মী যে কেউ নিজের নখ সাজিয়ে তুলতে করে নিচ্ছে নেইল এক্সটেনশন। নেইল এক্সটেনশন দুই ধরনের হয়ে থাকে।

অ্যাক্রিলিক এক্সটেনশন ও জেল এক্সটেনশন। অ্যাক্রিলিক এক্সটেনশনে দৈর্ঘ্য অনুযায়ী নখের উপর আঠালো উপকরণ পাউডার এবং তরল ব্যবহার করা হয়। আবার জেল এক্সটেনশনে শুধু প্রিমেড মিশ্রণ ব্যবহার করা হয়। অনেকে এক্সটেনশনে করালেও চায় প্রাকৃতিক নেইল লুক, সেক্ষেত্রে নখ ট্রান্সফার রাখা হয়। যেকোনো নকশা ও রঙের এক্সটেনশন হতে পারে। অনেকে শুধু এক রঙ দিয়েই এক্সটেনশন করে। অনেকে আবার বিভিন্ন কারুকাজ করে নখের উপর চুমকি, বিভিন্ন পাথর, স্টোন ইত্যাদি বসিয়ে নখের গর্জিয়াস লুক নেয়। যেকোনো নকশার নেইল এক্সটেনশনই করা সম্ভব। তবে রেগুলার নখের জন্য কম কারুকাজ করা এক্সটেনশনই সবাই বেছে নেয়। বিশেষ করে কালো, লাল, সবুজ, নীলের মতো এক রঙের নেইল এক্সটেনশন বেশি দেখা যায়। কারণ একবার নেইল এক্সটেনশন করলে এটি যেহেতু প্রায় এক মাসের মতো স্থায়ী হয় তাই এমন এক্সটেনশনে বেছে নেওয়া উচিত যা সব জায়গায় এবং সব পোশাকের সঙ্গে মানানসই হয়।

রেগুলার নেইল এক্সটেনশনের জন্য বিউটিশিয়ানরা পরামর্শ দিয়ে থাকেন এক রঙের সিম্পল নেইল এক্সটেনশন বেছে নেওয়ার জন্য। তবে অনেকে বিয়ে কিংবা ঈদের পোশাকের সঙ্গে মিল রেখে এক্সটেনশন এবং নানা রকম আয়োজনের জন্য গর্জিয়াস নেইল এক্সটেনশন পছন্দ করে থাকে। সিম্পল এক রঙের নেইল এক্সটেনশন থেকে গর্জিয়াস নেইল এক্সটেনশন মেইনটেইন করা বা যত্ন নেওয়া কিছুটা কঠিন।

শখের বশে নেইল এক্সটেনশন তো করিয়ে নিলেন কিন্তু একে দীর্ঘস্থায়ী করার জন্য এবং প্রাকৃতিক নেইলকে ভালো রাখার জন্য নিতে হবে বিশেষ যত্ন। সঠিক যত্ন নিতে না পারলে কিছুদিন পরেই দেখা যাবে এক্সটেনশন খুলে আসছে তখন আপনার পুরো টাকাটাই পানিতে যাবে। নেইল এক্সটেনশন কতদিন দীর্ঘস্থায়ী হবে এটি পুরোপুরি নির্ভর করছে আপনার যত্নের উপর। তবে কিছু নেইল এক্সটেনশন খুবই স্বল্প সময়ের জন্য হয়ে থাকে যা সঠিক যত্ন নিলেও সাধারণত দু সপ্তাহের বেশি টিকে না। তাই জেনে নেওয়া যাক কিভাবে নিবেন আপনার নেইল এক্সটেনশন করা হাতের যত্ন।

## নেইল এক্সটেনশনের যত্ন

যতই আধুনিকতার দিকে যাচ্ছি আমরা ততই প্রাকৃতিক থেকে কৃত্রিমের দিকে বেশি ঝুঁকছি, যা আমাদের সৌন্দর্য বৃদ্ধি করার পাশাপাশি ক্ষতিও করছে। কৃত্রিম যেকোনো কিছুই সৌন্দর্য বৃদ্ধি করলেও স্বাভাবিকভাবে এটি আমাদের শরীরের জন্য ভালো না। তাই কৃত্রিম কিছু ব্যবহার করলে অবশ্যই বিশেষ খেয়াল রাখতে হবে। তা না হলে সৌন্দর্য বৃদ্ধির চাইতে হিতে বিপরীত হওয়ার সম্ভাবনাই বেশি।

নেইল এক্সটেনশনর সময় রাসায়নিক আর আঠা ব্যবহার করা হয়। যা প্রাকৃতিক নখের জন্য ক্ষতিকর। তাই এক্সটেনশন খোলার পর অবশ্যই প্রাকৃতিক নখের যত্ন নিতে হবে। নখে ব্যবহার





করতে পারেন নেইল সিরাম কিংবা কিউটিকেল অয়েল। এটি নখের মশ্চারাইজার হিসেবে কাজ করবে। এছাড়া এক্সটেনশন করার আগে অবশ্যই ভালো করে নখ কেটে নিতে হবে, তা না হলে এক্সটেনশনের নিচে প্রাকৃতিক নখ দ্রুত বড় হয়ে যাবে। নেইল এক্সটেনশন করলে স্বাভাবিকভাবে অনেক কাজ থেকে নিজেকে বিরত রাখতে হবে। যতটা সম্ভব পানি এড়িয়ে চলতে হবে, অতিরিক্ত পানির সংস্পর্শে থাকলে এক্সটেনশন ধীরে ধীরে নষ্ট হয়ে যাবে। এছাড়া অতিরিক্ত তাপ এড়িয়ে চলতে হবে। ভারী কাজ বা কোনো কিছুর শক্ত ঢাকনা খোলার চেষ্টা করা যাবে না। এতে নখ উঠে আসতে পারে কিংবা নখের রঙ নষ্ট হয়ে যাবে। তাই এদিকে সতর্ক থাকা জরুরী। অনেকে বাড়িতে নিজেই টেনে নেইল এক্সটেনশন খোলার চেষ্টা করে যা নখের জন্য ক্ষতিকর। অবশ্যই পেশাদারের সাহায্য নিয়ে নেইল খুলতে হবে। একবার এক্সটেনশন করলে বার বার এক্সটেনশন করার ঝোঁক হয়। তবে একবার নেইল এক্সটেনশনের মেয়াদ শেষ হওয়ার পর কিছুদিন বিরতি নিয়ে প্রাকৃতিক নখের যথেষ্ট যত্ন করে পরবর্তী এক্সটেনশন করা উচিত। তা না হলে অতিরিক্ত রাসায়নিকের কারণে আসল নখ নষ্ট হয়ে যাবে।

## নেইল এক্সটেনশনের খরচ

খরচ নির্ভর করছে কোন ধরনের পারলারে করছেন, কেমন ধরনের নকশা করছেন ও কোন মানের নখ ব্যবহার করছেন। নখের করা কারুকার্য বা পেইন্টের উপর দাম নির্ভর করে। তবে বেশিরভাগ জায়গায় ১৫০০ টাকা থেকে ৮০০০ টাকার মধ্যেই নেইল এক্সটেনশন করা হয়।

নখ অত্যন্ত সংবেদনশীল একটি অঙ্গ। তাই নেইল এক্সটেনশন করার সিদ্ধান্ত নিলে অবশ্যই ভালো মানের পারলার থেকে নেইল এক্সটেনশন করাতে হবে।